তারিখ ২/১১/২০০০
পৃষ্ঠা ৩ কলাম ২

40

# চবিতে আসন সংখ্যার ১৬ গুণ ভর্তি প্রার্থী

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০০০-২০০১ শিক্ষাবর্ষে ২ হাজার ১৪৫টি আসনে ৩৫ হাজার ৬৭৯টি ভর্তি পরীক্ষার ফরম জমা পড়েছে। প্রতি আসনের জন্য ১৬ জন প্রার্থী ভর্তিযুদ্ধে অবতীর্ণ হবে।

কলা অনুষদে ৭৫২টি আসনের বিপরীতে ফরম জমা পড়েছে ৭ হাজার ৯৫৮টি, বিজ্ঞান অনুষদে ৪৪০ আসনের জন্য ১২ হাজার ২৩৯টি, সমাজ বিজ্ঞানে ৪১৫ আসনে ৫ হাজার ৯৭৬টি, বাণিজ্য অনুষদে ৪০০ আসনে ৯ হাজার ৩২২টি এবং আইন অনুষদে ৭৫টি আসনে ৪ হাজার ১২৩টি ফরম জমা পড়েছে। বনবিদ্যা ইন্সটিটিউটে ৬৩ আসনে ২ হাজার ৪৯৫টি এবং সামুদ্রিক বিজ্ঞান ইন্সটিটিউটে ৪০ আসনের জন্য ১ হাজার ৬৮৫ জন আবেদন করেছে।

আগামী ৭ নভেম্বর ভর্তি পরীক্ষা শুরু এবং ১৩ নভেম্বর শেষ হবে।